“খাবারের উপস্থিতিতে ও দু’টি খারাপ বস্তু আটকে রেখে কোনো সালাত নেই।”

‘আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: “খাবারের উপস্থিতিতে ও দু’টি খারাপ বস্তু আটকে
রেখে কোনো সালাত নেই।”
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাবারের উপস্থিতিতে সালাত আদায় করা থেকে নিষেধ করেছেন, যা মুসল্লির নফস কামনা করে এবং যার সাথে তার অন্তর সংযুক্ত থাকে। অনুরূপভাবে তিনি দু’টি খারাপ বস্তু—পেশাব ও পায়খানা—আটকে রেখে সালাত আদায় করতে নিষেধ করেছেন, কারণ সে তা আটকে রাখতে ব্যস্ত থাকবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3088